

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০০৩

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ মৃত্যুর পর রূহগুলো পরস্পরকে চিনতে পারবে মর্মে বর্ণনা

ذِكْرُ الْإِخْبَارِ بِأَنَّ الْأَرْوَاحَ يَعْرِفُ بَعْضُهَا بَعْضًا بَعْدَ مَوْتِ أَجْسَامِهَا

আরবী

3003 _ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدِ الْهَمْدَانِيُّ حَدَّتَنَا زَيْدُ بْنُ أَخْزَمَ حَدَّتَنَا مُعَادُ بْنُ هِشَامٍ حَدَّتَنِي أَبِي عَنْ قَتَادَةَ عَنْ قَسَامَةً بْنِ زُهَيْدٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ الْمُؤْمِنَ إِذَا قُبِضَ أَتَتُهُ مَلَائِكَةُ الرَّحْمَةِ بِحَرِيرَةٍ بَيْضَاءَ فَتَقُولُ: اخْرُجِي إِلَى روح الله فتخرج كأطيبه ربح مِسْكِ حَتَّى إِنَّهُمْ لَيُنَاوِلُهُ بَعْضَهُمْ بَعْضًا يَشُمُّونَه حَتَّى يَأْتُونَ بِهِ بَابَ السَّمَاءِ فَيَقُولُونَ: مَا هَذِهِ الرِّيحُ الطَّيِبَةُ الَّتِي جَاءَتْ مِنَ الْأَرْضِ؟ وَلَا يَأْتُونَ سَمَاءً إِلَّا قَالُوا مِثْلَ ذَلِكَ حَتَّى يَأْتُونَ بِهِ أَرْوَاحَ الْمُؤْمِنِينَ فَلَهُمْ أَشَدُّ فَرَحًا بِهِ مِنْ أَهْلِ الْغَائِبِ إِلَى أَمْهِ الْهَاوِيةِ وَأَمَّا الْكَافِرُ فَيَأْتِهِ بِغَائِبِهِمْ فيقولون: ما فعل فلان؟ فَيَقُولُونَ: ثُهِبَ بِهِ إِلَى أُمِّهِ اللهَاوِيةِ وَأَمَّا الْكَافِرُ فَيَأْتِيهِ مَلَائِكَةُ الْعَذَابِ بِمِسْحٍ فَيَقُولُونَ: اخْرُجِي إِلَى غَضِب إللَّهِ فَتَخْرُجُ كَأَنْتَن ربح جِيفَةٍ مَلَائِكَةُ الْعَذَابِ بِمِسْحٍ فَيقُولُونَ: اخْرُجِي إِلَى غَضِب اللَّهِ فَتَخْرُجُ كَأَنْتَن ربح جِيفَةٍ مَلَائِكُ فَيَا الْكَافِرُ وَيَا إِلَى عَضِب اللَّهِ فَتَخْرُجُ كَأَنْتَن ربح جِيفَةٍ فَتَعْدِه بِهِ إلى أَلْهِ فَتَخْرُجُ كَأَنْتَن ربح جِيفَةٍ فَتَذَه بِهِ إلى الْربح.

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

বাংলা

৩০০৩. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "মুমিন ব্যক্তির রূহ কব্য করা হয়, তখন তার কাছে রহমতের ফেরেস্তার্গণ সাদা রেশমের কাপড় নিয়ে আসেন, তারা বলেন, "আল্লাহর রহমতের দিকে বেরিয়ে আসুন।" অতঃপর সেটি মিশকে আম্বরের চেয়েও বেশি সুঘ্রাণময় হয়ে বের হয়। তারা সেই রূহ এক থেকে আরেকজন গ্রহণ করেন। তারা তার ঘ্রাণ গ্রহণ করেন। এভাবে আসমানের দরজার কাছে আসেন। অতঃপর তারা (আসমানের ফেরেস্তার্গণ) বলেন, "এই পবিত্র ঘ্রাণটা কিসের, যা জমিন থেকে এসেছে?" ফেরেস্তার্গণ তাকে যেই আসমানেই নিয়ে যাবে, সেখানকার ফেরেস্তার্গণ অনুরূপ প্রশ্ন করবেন। অতঃপর মুমিনদের রূহের কাছে আসবেন। দুনিয়াতে প্রবাসী ব্যক্তি আপনজনের কাছে



আসলে যে খুশি হন, তারা (মুমিনদের রূহগুলো) তার চেয়ে বেশি খুশি হবেন। তারা জিজ্ঞেস করবেন, "ওমুক কী আমল করেছে?" তারা বলবেন, "তোমরা তাকে ছেড়ে দাও, তিনি বিশ্রাম নিবেন। কেননা তিনি দুনিয়ার দুঃখ-কষ্ট-দুশ্চিন্তায় ছিলেন।" তিনি জবাব দিবেন, "সে তো মারা গেছে। সে কি আপনাদের কাছে আসেনি?" তারা জবাব দিবেন, "তাকে তার মা হাবিয়া জাহান্নামে নিয়ে যাওয়া হয়েছে।"

আর কাফির ব্যক্তির কাছে আযাবের ফেরেস্তাগণ ত্যানা-নেকড়েসহ আসেন। তারা বলেন, "তুমি আল্লাহর গযবের দিকে আসো।" তখন সেটি লাশের চেয়ে দুর্গন্ধময় হয়ে বের হয়। অতঃপর তারা তাকে নিয়ে জমিনের দরজার দিকে নিয়ে যায়।"[1]

ফুটনোট

[1] হাকিম: ১/৩৫৩; নাসাঈ: ৪/৮-৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ১৩০৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন